মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jashoreboard.gov.bd

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/৪২২

তারিখ : ১৭-০৮-২০২৬ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণিতে অধ্যয়নরত বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন অন্তভুর্ক্ত এবং বিষয়, বিভাগ ও ছবি সংশোধন প্রসঙ্গে।

এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ১৮-০৮-২০২৬ খ্রি. তারিখ হতে আগামী ১৮-০৯-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণিতে অধ্যয়নরত বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন করতে হলে শিক্ষার্থী প্রতি বিলম্বসহ ২৬৬/- (দুইশত ছেষট্টি) টাকা ও জরিমানা ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৭৬৬/- (সাতশত ছেষট্টি) টাকা ফি দিয়ে নিবন্ধন করতে হবে এবং বিষয়, বিভাগ ও ছবি সংশোধন করতে হলে শিক্ষার্থী প্রতি ৮০০/- (আটশত) টাকা করে ফি দিয়ে নিবন্ধন কার্ড সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

(ক) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের (এসএসসি ২০২৭) অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধনের নিয়মাবলি নিম্নরুপ:

* যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন।
* বামপাশে Our Service থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
* প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
* বামপাশের মেন্যুবার থেকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৭) Application মেন্যুতে ক্লিক করুন।
* শিক্ষার্থীর তথ্য আপলোাড করে এবং ফিস প্রদান করে Final Submit করে নিবন্ধন সম্পূর্ণ করুন।

(খ) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের (এসএসসি ২০২৭) অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয়, বিভাগ ও ছবি সংশোধনের নিয়মাবলি নিম্নরুপ:

* যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jashoreboard.gov.bd) ভিজিট করুন।
* বামপাশে Our Service থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
* প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
* বামপাশের মেন্যুবার থেকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৭) Group, Subject & Photo Change →Create Application মেন্যুতে ক্লিক করুন।
* শ্রেণি নির্বাচন করে শিক্ষার্থীর Student ID দিয়ে Find বাটনে ক্লিক করুন।
* ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit করুন।
* Print Sonali Sheba বাটনে ক্লিক করে সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।

(গ) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (এসএসসি ২০২৭) সালের নিবন্ধন কার্ডে ছবি, বিভাগ, বিষয় কোডে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনসহ ফ্রেশ নিবন্ধন বাবদ শিক্ষার্থী প্রতি = ৮০০/- (আটশত) টাকা ফিস প্রদান করে র্নিধারিত সময়ের মধ্যে অবশ্যই সংশোধন করে নিতে হবে। পরবর্তীতে এতদসংক্রান্ত ভূল কোনভাবেই সংশোধন করা যাবে না। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

(ঘ) কোন নিবন্ধন কার্ড পাওয়া না গেলে Student Management হতে Final Submit নিশ্চিত করুন।

(ঙ) জরুরী প্রয়োজনে মোবাইল নং- ০১৭১১-২৭১৪৯৭, ০১৭৩৪-২১৩২৯১, ০১৭১২-৯৬৪০৫২, ০১৭১৫-৮৫১১৪৫, ০১৭৩১-৪৫৪৪০৯,

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মু: এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
মোবাইল : ০১৭৩৩-২২২০০৫

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/৪২২

তারখ : ১৭-০৮-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৮। সংরক্ষিত নথি।

(মু: এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।